পুজো কাটতে না কাটতেই শীতের কলিং বেল। গত কয়েক বছরে শীতের ওপেনিং স্পেল বেশ খামখেয়ালি। নভেম্বরের মাঝামাঝি সময়েও শীতেও দেখা মেলেনি সেভাবে। এবার কিন্তু শরতেই হিমের পরশ। বাতাসে হালকা উত্তুরে হাওয়ার ছোঁয়া। টান ধরছে চামড়ায়।

কৃষি, শিল্পের উন্নয়নের সাথে সাথে প্রাণী সম্পদ উন্নয়নেও অগ্রণী ভূমিকা নিয়েছে রাজ্য সরকার

স্টাফ রিপোর্টার ঃ প্রসেসড ফুড ছাড়াও আইসক্রিম, দই এসবেও রাজ্যসরকার পাল্লা দিচ্ছে বাজারে চলতি ব্র্যান্ড গুলিকে। ঠক্করস ডেয়ারি বাংলায় একটি নতুন দুধ উৎপাদন কেন্দ্র স্থাপন করেছে যেখানে প্রতি দিনের উৎপাদন ৫ লক্ষ লিটার। টেকনোলজি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য তৈরি করা হয়েছে টেকনোলজি ফেলসিটেশন সেন্টার। বেশ কিছু জেলায় বানানো হয়েছে ইউনিক ক্লিয়ারেন্স সেন্টার। ২০১৫ সালে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে সহযোগিতার জন্য সরকার ২০০ কোটি টাকার একটি ফান্ড তৈরি করেছে। ২০১৫ সালে আইআইএম কলকাতার সহযোগিতায় তৈরি হয়েছে ইনভেস্ট পোর্টাল। বাংলার ছোট, মাঝারি ও ক্ষুদ্র শিল্পের উন্নতির জন্য ২০১৪ সালে ইউনেসকোর সঙ্গে হাত মিলিয়ে পশ্চিমবঙ্গ সরকার ৯টি জেলার ২৬টি গ্রামে তৈরি করেছে রুরাল ক্রাফট হাব। কৃষি, শিল্পের উন্নয়নের সাথে সাথে প্রাণী সম্পদ উন্নয়নেও অগ্রণী ভূমিকা নিয়েছে রাজ্য সরকার। নানা উদ্যোগের মধ্যে একটি হলো বিশেষ গো সম্পদ বিকাশ অভিযান এর সম্প্রসারণ। এই অভিযানে ২০১৪-১৫ থেকে রাজ্যের ব্লক সংখ্যা বাড়িয়ে ১০০ থেকে ৩৪১টি করা হয়েছে। গ্রাম পঞ্চায়েত গুলিতে বাড়ানো হয়েছে প্রাণীবন্ধুদের সংখ্যা। ২৬৫০ জন অতিরিক্ত প্রাণীবন্ধু নিয়োগ করা হয়েছে। পশুদের স্বাস্থ্য রক্ষার জন্য ২৫টি মোবাইল পশু চিকিৎসালয় শুরু করা হয়েছে। ২০১৭ সালের মধ্যে আরও ১৫টি শুরু করার পরিকল্পনা রয়েছে সরকারের। সরকারের উদ্যোগে ১০ বছরের বিরতির পর ফের চালু হয়েছে বর্ধমানের ডেয়ারি। খরচ হয়েছে ৫.৭৪ কোটি টাকা। দুর্গাপুরের ডেয়ারিকেও পুনরুজ্জীবিত করার দায়িত্ব দেওয়া হয়েছে বেঙ্গল ডেয়ারি, কলকাতাকে। পূর্ব মেদিনীপুর স্থাপন করা হয়েছে নতুন জেলা দুগ্ধ ইউনিয়ন তাম্রলিপ্ত মিল্ক ইউনিয়ন।

এছাড়াও পশ্চিমবঙ্গ সরকারের লাইভ স্টক ডেভলপমেন্ট কর্পোরেশন চালু করছে কিছু মাংসের প্রক্রিয়াকরণ। এর মধ্যে রয়েছে চিকেন পপকর্ন, চিকেন সালামি, চিকেন চিস ইত্যাতি। চিকেন ছাড়াও এই প্রসেসড ফুডের তালিকায় কোয়েল, হাঁস, টার্কি, খরগোস। আর সরকারের তৈরি এই সব প্রসেসড খাবার মানুষের কাছে পৌঁছে দিচ্ছে স্পেন্সারের মতো রিটেল দোকান। এর ফলে ব্যবসা বৃদ্ধি বেড়েছে প্রায় ৪০০ শতাংশ। জেলার পোলট্রি ফার্ম গুলোতে দেওয়া হয়েছে আধুনিক পরিকাঠামো। নতুন পরিকাঠামোয় মেদিনীপুর স্টেট পোলট্রিতে বর্তমানে উৎপাদন বছরে ৪ লক্ষ।

রাজ্য সরকারের 'গতিধারা' প্রকল্পে গতি পেয়েছে জঙ্গলমহল

স্টাফ রিপোর্টার ঃ একটা সময়ে অন্যের গাড়ি চালিয়ে দিন গুজরান হত ওদের। তাও নিয়মিত কাজ নেই। সংসাকর চালাতে প্রাণপাত। কিন্তু রাজ্য সরকারের গতিধারা প্রকল্পে ওরা এখন গাড়ির মালিক। দিন ফিরেছে জঙ্গলমহলের শুভাশিষ, অমল, রফিকদের। তাঁদের সঙ্গে খুশি পরিবারের লোকজনও। ঝাড়গ্রামের সন্তু রায়। পেশায় গাড়ি চালক। আগে লোকের গাড়ি চালিয়েই দিন গুজরান হত বছর ৩০ এর এই যুবকের। রোজকার টাকার পুরোটাই খাওয়া দাওয়ার পেছনেই খরচ হত। কিন্তু কী হবে দুই ছেলেমেয়ের পড়াশুনোর। সংসারের আর পাঁচটা কাজই বা হবে কী ভাবে। এমনকি নিয়মিত অন্যের গাড়ি চালানোর বরাতও জোটে না।

এই অবস্থায় কোনও দিনই ভাবতে পারেননি আস্ত একটা গাড়ির মালিক হবেন নিজে। কিন্তু সেই স্বপ্নই আজ বাস্তব। পাশে রাজ্য সরকার।

গতিধারা প্রকল্পের আওতায় মালবাহি ছোট গাড়ি কিনে আজ স্বনির্ভর সন্তু। নিজেই গাড়ি চালিয়ে পণ্য আনা নেওয়ার কাজ করেন। এর ফলে হাল ফিরেছে সংসারের। খুশি। পরিবারের লোকজনও।

শুধু কি সন্তু রায়। না, জঙ্গলমহলের এমন অনেক বেকার যুবকই আজ গতিধারা প্রকল্পের দ্বারা জীবনের গতি পেয়েছেন। এক সময়ে যার রোজগার ছিল নিতান্তই সাদামাটা, সেই যুবকও প্রতিদিন গড়ে ১ হাজার টাকা পর্যন্ত রোজগার করছেন। শুধু সন্তু, রফিকরাই নন। গতিধারায় উপকৃত অনেকেই। এই প্রকল্পের আওতায় আরও অনেক বেকার যুবকের পাশে দাঁড়ানোর চিন্তা ভাবনা রয়েছে। শুধু হয়েছে সেই প্রক্রিয়াও।

গঙ্গার তলা দিয়ে মেট্রো যাত্রা আর মাত্র কয়েক মাসের অপেক্ষা

স্টাফ রিপোর্টার ঃ গঙ্গার তলা দিয়ে মেট্রো যাত্রা আর মাত্র কয়েক মাসের অপেক্ষা। পুজোর পরেই অ্যাডভেঞ্চরাস এই জার্নির সওয়ার হতে পারবেন সকলে। মাটির প্রায় ৮০০ মিটার নিচে চলছে বিশাল কর্মযজ্ঞ। কিন্তু যদি ভূমিকম্প হয়, তখন কী হবে? নদী তলদেশের মেট্রো টানেল কতটা নিরাপদ ভূমিকম্প প্রতিরোধে? মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, প্রবল ভূমিকম্পেও একচুলও টলবে না অত্যাধুনিক মেট্রো টানেল। গঙ্গার তলা দিয়ে মেট্রো যাত্রা। শুরু হয়ে গেছে পাতালপুরির কর্মযজ্ঞ। হাওড়া ময়দান থেকে হাওড়া স্টেশন। তারপরেই গঙ্গার তলা দিয়ে মেট্রো ভ্রমণ। রাস্তা প্রায় ৬০০ মিটার। গঙ্গা পেরিয়ে মেট্রো উঠবে সোজা মহাকরণ স্টেশনে। অ্যাডভেঞ্চরাস এই জার্নির মজাতো থাকছেই। কিন্তু বিপদ? যদি ভূমিকম্প হয়? তখন কী হবে? মেট্রো কর্তৃপক্ষ অবশ্য সম্পূর্ণ আশ্বস্ত করছে। তাঁরা বলছেন, সম্পূর্ণ নিরাপদ এই যাত্রা। ৮ থেকে ৯ রিখটার স্কেলের ভূমিকম্পও কোনও আঁচড় কাটতে পারবে না অত্যাধুনিক মেট্রো টানেলে। ডেনমার্কের অত্যাধুনিকপ্রযুক্তির সাহায্যে তৈরি হচ্ছে গঙ্গাবক্ষের এই মেট্রো টানেল। কোনও কম্পনই টের পাবেন না মেট্রো যাত্রীরা। কাজ চলছে জোরকদমে। মাটি থেকে প্রায় ৮০০ মিটার তলা দিয়ে চলবে মেট্রো। মোটামুটি দশতলা বাড়ির উচ্চতা। বোরিং মেশিন দিয়ে ভূগর্ভে মাটি টাকার কাজ চলছে। কেমন হচ্ছে পাতালপুরির মেট্রো টানেল? কাজে সামান্য বাধা হয়ে দাঁড়াচ্ছে গঙ্গাবক্ষের আঠালো মাটি। পুজোর আগেই সম্ভবত শেষ হয়ে যাবে নদী বক্ষে মেট্রো টানেল তৈরির কাজ। তারপরেই শুরু হয়ে যাবে দেশের মধ্যে প্রথম নদীর তলায় মেট্রো যাত্রা।

দ্বিতীয়বার ক্ষমতা দখল করার পর সাধারণ মানুষের কাছে পৌছতে আরও উদ্যোগী রাজ্য সরকাব

স্টাফ রিপোর্টার ঃ দ্বিতীয়বার ক্ষমতা দখল করার পর সাধারণ মানুষের কাছে পৌছতে আরও উদ্যোগী রাজ্য সরকার। নতুন উদ্যোগ হিসেবে সরকারি ওয়েবসাইটের আমূল পরিবর্তন আনতে চলেছে রাজ্য সরকার। সাধারণ মানুষের কথা মাথায় রেখে পাল্টে ফেলা হচ্ছে বাংলার মুখ ডট কম। কী সেই পরিবর্তন। সরকারি ওয়েবসাইট হল www.banglamukh.com.। এই ওয়েবসাইটে এতদিন পাওয়া যেত সমস্ত মন্ত্রীদের নাম ও ফোন নম্বর।

ওয়েবসাইটের মাধ্যমে সাধারণ মানুষের কাছে পৌঁছতে আরও উদ্যোগী সরকার। তাই ঢেলে সাজছে এই ওয়েবসাইট। কী কী থাকছে এই ওয়েবসাইটে। সমস্ত সরকারি প্রকল্পগুলি, প্রকল্পগুলির সুবিধা কারা কারা নিতে পারবেন, এই সব তথ্য থাকছে। থাকছে সরকারি পরিষেবা সংক্রান্ত সমস্ত তথ্য, এর সঙ্গে থাকবে আবেদনপত্রও। বিভিন্ন প্রকল্প বা পরিষেবায় আবেদনও করা যাবে। সরকারি কাজের খতিয়ানের তথ্য তো থাকছেই, এর সঙ্গে রাখা হচ্ছে ভিডিও লিঙ্কও। প্রতিদিন মন্ত্রীরা কী কী কাজ করলেন, তা তুলে দেওয়া হবে এই ওয়েবসাইটে। প্রতিদিন বিভিন্ন দফতরের থেকে প্রকাশ করা হবে তাদের কাজের হিসাব। বিভিন্ন দফতর প্রতিদিন ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তি দেবে।

এখানেই শেষ নয়। স্মার্ট ফোনের যুগে সরকারি পরিষেবাকে আরও স্মার্ট করে তুলতে বাংলার মুখের অ্যাপসও আনার ভাবনা চিন্তা শুরু হয়েছে। ডিসেম্বর মাসের মধ্যেই বাংলার মুখ ওয়েবসাইটটি আরও আধুনিক হয়ে হাজির হবে বলে তথ্য সংস্কৃতি দফতর সূত্রে জানা গেছে।

নতুন সাজে সাজছে বাংলার পর্যটন শিল্প

স্টাফ রিপোর্টার ঃ ভ্রমণ বাঙালির জীবনের একটা অঙ্গ। সুযোগ পেলেই বেড়াতে বেড়িয়ে পড়ে ভ্রমণপিপাসু বাঙালি। তা সে দু একদিনের ছোট্ট ছুটি অথবা লম্বা ডুব। ছোট ছুটি হলে দীঘা, মন্দারমণি কিংবা শান্তিনিকেতন। আর একটু বেশি দিনে ছুটি পাওয়া গেলে দার্জিলিং, কার্শিয়াং, লাভা, ঋষপ হয়ে ডুয়ার্স। এগুলো বাঙালির বাঁধা ধরা ডেস্টিনেশন। কিন্তু এগুলো ছাড়াও বাংলায় রয়েছে আরও অনেক দেখার জায়গা। সেই সব জায়গাকে সামনে এনে পশ্চিমবঙ্গকে ভ্রমণপিপাসু বাঙালির কাছে আরও আকর্ষণীয় করে তুলতে নতুন ভাবে সাজিয়ে তোলা হয়েছে পর্যটন কেন্দ্রগুলি। এই নতুন চেহারা পাল্টে দিয়েছে বাংলার পর্যটনের চেহারাটা। একটা সময় ছিল যখন পশ্চিমবঙ্গের সব জায়গায় পৌঁছত না বিদ্যুতের আলো। আলো থাকলেও লোডশেডিং ছিল নিত্য দিনের সমস্যা। গত চার বছরে বিদ্যুতের সমস্যা বাংলায় অতীত। দেশের অল্প কয়েকটি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ একটি যেখানে ২৪ ঘন্টা পাওয়া যায় বিদ্যুত সরবরাহ। শুধু তাই নয়, হিমাচল ছাড়া পশ্চিমবঙ্গেই একমাত্র রাজ্য যেখানে কমানো হয়েছে বিদ্যুতের ট্যারিফ। ফলে অল্প খরচে বিদ্যুৎ ব্যবহার এখন সকলের আওতায়। গত চার বছরে ১১টি ১৩ লক্ষ ৩৬ হাজার নতুন বিদ্যুৎ সংযোগ দিয়েছে রাজ্য সরকার। বাকি আরও ৭টি জেলায় কাজ চলছে, ২০১৬ এর মধ্যে যা শেষ হয়ে যাওয়ার কথা। গ্রামবাংলার পর্যটন প্রকল্পের আওতায় যে সব ইকো পার্ক তৈরি করা হবে সেখানে জলের জন্য প্রয়োজনীয় পাম্প সেট দেওয়ার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। ইকো পর্যটনে অনুমোদিত হয়েছে ৪২৪০ কোটি টাকা। অন্যদিকে প্রধান প্রধান ভ্রমণ স্থানের উন্নতির জন্য প্রায় ১৪০০ কোটি টাকা ঢালার চেষ্টা হচ্ছে যা দিয়ে আলো, পানীয় জলের ব্যবস্থা হবে।

মদের দোকান মালিককে গুলি করে খুন করে চম্পট দিল দুষ্কৃতীরা

স্টাফ রিপোর্টার ঃ মদের দোকানে টাকা ভাঙানো নিয়ে বিবাদ। দোকান মালিককে গুলি করে খুন করে চম্পট দিল দুষ্কৃতীরা। বাগনানের মুখকল্যাণ এলাকার ঘটনা। দোকান মালিকের নাম রাঘব সাঁতরা। প্রত্যক্ষদর্শীদের বয়ান অনুযায়ী, গতকাল রাত ৯টা নাগাদ কয়েকজন যুবক দোকানে মদ কিনতে আসে। ৫০০ টাকার নোট নিয়েই বচসার সূত্রপাত। খুচরো না থাকায় অন্য কিছু নিতে বলেন কর্মীরা। যুবকরা রাজি না হয়ায় বচসা চরমে ওঠে। সেই সময়ই দোকান মালিক রাঘব সাঁতরা বাইরে বেরিয়ে আসেন। যুবকদের সঙ্গে তারও বচসা বেধে যায়। তখনই পয়েন্ট ব্ল্যাঙ্ক রেঞ্জ থেকে মালিককে গুলি করে দুষ্কৃতীরা। দোকানের এক কর্মীকেও রিভালবারের বাঁট দিয়ে মারা হয়।

ইনল্যান্ড বিকাশ লিমিটেড

CIN : L63090WB1948PLC016193
১৬৬-৭৫, ভিলেজ নর্থ নিত্রা, পিএস- ডোমজুর, বাঁকড়া, পশ্চিমবঙ্গ
E-Mail : info.inlandvikash@gmail.com, Phone : 003-40219000,
Fax : 033-22831917/22434440
Website:www.inlandvikash.com

(লক্ষ টাকায়)

বিবরণ		ত্রৈমাসিক শেষ ৩০-০৯-১৬ (অপরীক্ষিত)	ছয় মাস শেষ ৩০-০৯-১৬ (অপরীক্ষিত)	যোগাযোগকারী ত্রৈমাসিক শেষ ৩০-০৯-১৫ (অপরীক্ষিত)
কাজকর্ম (নিট) থেকে মোট আয়	১৮.০০	৩৬.০০	১৮.০০	
করের পরে সাধারণ প্রক্রিয়াকরণ হইতে নিট লাভ/(ক্ষতি)	১.০৪	-০.৮০	০.৬০	
চলতি সময়ের করের পরে নিট লাভ/(ক্ষতি) (অতিরিক্ত সামগ্রীর পর)	১.০৪	-০.৮০	০.৬০	
ইক্যুইটি শেয়ার মূলধন	২৯৮.৫০	২৯৮.৫০	২৯৮.৫০	২৯৮.৫০
সংরক্ষণ পুনমূল্যায়ন বাদে সংরক্ষণ পূর্ব বর্ষের ব্যালেন্সসিট অনুসারে				
শেয়ারপ্রতি আয় (অতিরিক্ত সামগ্রীর আগে)(২ টাকা প্রতি) (বার্ষিক নয়) মূল মিশ্র	০.০৪	-০.০২	০.০২	
শেয়ারপ্রতি আয় (অতিরিক্ত সামগ্রীর আগে)(২ টাকা প্রতি) (বার্ষিক নয়) মূল মিশ্র	০.০৪	-০.০২	০.০২	

১। উপরোক্ত আর্থিক ফলাফলটি ৩৩ নং সেবির ধারা অনুসারে ২০১৫ তারিখে সমাপ্ত পরীক্ষিত ত্রৈমাসিকের ফলাফলটি সেবির ধারা অনুসারে সমাপ্ত পরীক্ষিত ত্রৈমাসিকের ফলাফলটি অনুমোদন ও লিপিবদ্ধ, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com.ত্রৈমাসিক , বার্ষিক ফলাফলের বিস্তারিত বিবরণ কোম্পানির ওয়েবসাইট : www.inlandvikash.com

বোর্ডের আদেশানুসারে
মুক্তা দামানি
কোম্পানি সেক্রেটারী

স্থান ঃ কলকাতা
তাং ঃ ১৭.১০.২০১৬

এবার আল কায়দার নিশানায় এদেশের শীর্ষ আমলারা

স্টাফ রিপোর্টার ঃ এবার আল কায়দার নিশানায় এদেশের শীর্ষ আমলারা। আইসিসের কায়দায় লোন উলফ স্ট্রাটেজি ব্যবহার করে উপ মহাদেশে নাশকতার ছক কষছে আল কায়দা ইন ইন্ডিয়ান সাবকন্টিনেন্ট। আল কায়দা নিশানায় ভারত। এদেশের আইএএস ও আইপিএস দের খুনের ডাক দিয়েছে আল কায়দা ইন ইন্ডিয়ান সাব কন্টিনেন্টের প্রধান আসিম উমর।

লোন উলফ স্ট্রাটেজিকে হাতিয়ার করে এদেশে হামলা চালাতে চায় আকিস। রবিবারই হামলার ডাক দিয়ে ভিডিও প্রকাশ করেছে আকিস প্রধান আসিম উমর।। আকিসের বার্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের শীর্ষ কর্তাদের হত্যা করুন। যাতে দেশ জুনে হিংসা ছড়িয়ে পড়ে। নিশানা করুণ এআইএস এবং আইপিএস দের। আর্থিক ভাবেও তাদের ক্ষতি করুন। সাম্প্রতিক অতীতে ইউরোপ ও আমেরিকায় লোন উলফ কায়দায় একাধিক জঙ্গি হানার ঘটনা ঘটেছে। শুধু জেহাদি আর্দশে উদ্বুদ্ধ হয়ে যেখানে হত্যালীলা চালিয়ে কয়েকজন যুবক। এরা কেউই সরাসরি কোন্য জঙ্গি সংগঠনের সঙ্গে যুক্ত নয়। লোন উলফ হামলা আদতে জঙ্গি সংগঠন আইএস এর ট্রেডমার্ক স্ট্রাটেজি। অন লাইনে শিক্ষিত যুবকদের মগজ ধোলাইয়ের পর জেহাদের মন্ত্রে দীক্ষিত করে এ ধরণের হামলার দিকে ঠেলে দিত আইএস। লোন উলফ হামলার ক্ষেত্রে অর্থ যোগান থেকে পরিকাঠামোগত সাহায্য কোনও দায় নিতে হয় না জঙ্গি সংগঠনকে। সেই ধাঁচই অনুসরণ করছে আলকায়দা ইন ইন্ডিয়ান সাব কন্টিনেন্ট। আকিস প্রধানের হুমকিতে হাল্কা ভাবে নিচ্ছে না ভারত সরকার। কারণ, সম্প্রতি উত্তরপ্রদেশ, হরিয়ানা ও ওড়িশা থেকে আকিসের ৬ সক্রিয় সদস্যকে গ্রেফতার করে দিল্লির স্পেশাল সেল। ধৃতদের সঙ্গে হিথরোর আত্মঘাতী জঙ্গির ভাই সাবিল আহমেদের সরাসরি যোগসূত্র পাওয়া গেছে। প্রশাসনের মাথা ব্যথার আরেক কারণ, লোন উলফ হামলা ঠেকানো অপেক্ষাকৃত কঠিন। সংগঠিত হামলার চেয়ে একজন জেহাদিকে ট্রাক করা অনেক বেশি কঠিন। তাই অনলাইন প্ল্যাটফর্ম ও বেআইনি অস্ত্র আমদানির ওপর কড়া নজরদারি চালাচ্ছেন গোয়েন্দারা।

সিঙ্গুরে প্রশাসনিক বৈঠকে মমতা

স্টাফ রিপোর্টার ঃ ফের সিঙ্গুর যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ১৮অক্টোবর মঙ্গলবার সিঙ্গুরে হুগলির উন্নয়ণ নিয়ে প্রশাসনিক বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। সেখানে সিঙ্গুরের চাষিদের পাশাপাশি জেলার একগুচ্ছ উন্নয়ণ প্রকল্প ঘোষণা করতে পারেন তিনি। অবশ্য সিঙ্গুরের আগেই মুর্শিদাবাদ জেলার উন্নয়ণ নিয়ে প্রশাসনিক বৈঠক করেন বহরমপুরে। জেলা পরিষদ ও জেলার অধিকাংশ পুরসভা তৃণমুলের দখলে আসার পর এই প্রথম মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদে পা রাখছেন। বৈঠকের পাশাপাশি জনসভাও করতে পারেন তিনি। ওইসভা থেকে মুশিবাদাবাদের উন্নয়ণের জন্য নানা প্রকল্প ঘোষণা করতে পারেন তিনি। স্বভাবতই মুখ্যমন্ত্রীর এই দুই সফর ঘিরে প্রশাসনিক মহলে জোর তৎপরতা শুরু হয়েছে।

Global Capital Markets Limited
CIN : L51109WB1989PLC046292
Regd. Office : Sir R. N. M. House, 3B, Lal Bazar Street, 5th Floor, Block 2, Kol-700 001

NOTICE

Pursuant to Regulation 29 read with Regulation 47 of SEBI LODR Regulations, 2015, Notice is hereby given that the meeting of Board of Directors of the Company will be held on **Friday, 11th day of November 2016** to consider, approve and to take on record, inter-alia, the Un-audited Financial Results for 2nd Quarter ended on 30th September 2016. This intimation is also available on the website of the Company www.globalcapitalmarketandinfraltd.com and on the website of BSE where the shares of the Company are listed viz. www.bseindia.com

By Order of the Board
For Global Capital Markets Limited
I. C. Baid
(DIN : 00235263)
Chairman

Place : Kolkata
Date : 17th October 2016

সিঙ্গুরে প্রশাসনিক বৈঠকে মমতা

স্টাফ রিপোর্টার ঃ ফের সিঙ্গুর যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আবার সিঙ্গুরে হুগলির উন্নয়ণ নিয়ে প্রশাসনিক বৈঠক করবেন মুখ্যমন্ত্রী। সেখানে সিঙ্গুরের চাষিদের পাশাপাশি জেলার একগুচ্ছ উন্নয়ণ প্রকল্প ঘোষণা করতে পারেন তিনি। অবশ্য সিঙ্গুরের আগেই মুশিদাবাদ জেলার উন্নয়ণ নিয়ে প্রশাসনিক বৈঠক করেন বহরমপুরে। জেলা পরিষদ ও জেলার অধিকাংশ পুরসভা তৃণমূলের দখলে আসার পর এই প্রথম মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদে পা রাখছেন। বৈঠকের পাশাপাশি জনসভাও করতে পারেন তিনি। ওইসভা থেকে মুশিবাদাবাদের উন্নয়ণের জন্য নানা প্রকল্প ঘোষণা করতে পারেন তিনি। স্বভাবতই মুখ্যমন্ত্রীর এই দুই সফর ঘিরে প্রশাসনিক মহলে জোর তৎপরতা শুরু হয়েছে। অন্যদিকে শুক্রবার দুপুরে আর চার ভোট বেশি পেয়ে আস্থা ভোটে কংগ্রেসকে হারিয়ে মুর্শিদাবাদ জেলা পরিষদের দখল নিল তৃণমূল কংগ্রেস।

ডাইনামিক আর্কিস্ট্রাকচারস লিমিটেড

(CIN - L45201WB1996PLC077451)
রেজিঃ অফিস ঃ ৪০৯, সোয়াইকা সেন্টার, ৪এ, পোলক স্ট্রিট, কলকাতা-৭০০০০১
Phone-033-22342673,Website:www.dynamicarchistructures.com,
Email : info@dynamicarchistructures.com
৩০ শে সেপ্টেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত অপরীক্ষিত ত্রৈমাসিক আর্থিক ফলাফল

(কোটি টাকায়)

বিবরণ	ত্রৈমাসিক শেষ ৩১-০৩-১৬	বর্ষের শেষে ৩১-০৩-১৬	ত্রৈমাসিক শেষ ৩১-০৩-১৫
১। প্রক্রিয়াকরণ(নিট) হইতে মোট আয়	০.৪২	১.৪৪	০.৬৬
২। সাধারণ প্রক্রিয়াকরণের করের আগে নিট লাভ/(ক্ষতি)	০.৫৪	১.৫৬	০.৬৫
৩। করের আগে (অতিরিক্ত সামগ্রীর পর) নিট লাভ/(ক্ষতি)	০.৫৪	১.৫৬	০.৬৫
৪। করের পর(অতিরিক্ত সামগ্রীর পর) নিট লাভ/(ক্ষতি)	০.৫৪	১.৫৬	০.৬৫
৫। মোট চলতি সময়ের কম্প্রিহেনসিভ আয় লাভ/(ক্ষতি) (করের আগে) এবং (করের পরে)	০.৫৪	১.৫৬	০.৬৫
৬। ইক্যুইটি শেয়ার মূলধন	৫.০১	৫.০১	৫.০১
৭। সংরক্ষণ (পুর্নমূল্যায়ন বাদে সংরক্ষণ পূর্ব বর্ষের ব্যালেন্সসিট অনুসারে)		১২.৮৯	
৮। শেয়ারপ্রতি আয় (অতিরিক্ত সামগ্রীর পূর্বে) (১০ টাকা প্রতি)			
মূল	১.০৮	৩.১১	১.২৯
মিশ্র	১.০৮	৩.১১	১.২৯

দ্রষ্টব্য উপরোক্ত আর্থিক ফলাফলটি স্টক এক্সচেঞ্জে ২০১৫ সালের ৩৩নং ধারা অনুসারে পাঠানো হয়েছে। স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে এই করমেটের ত্রৈমাসিক আর্থিক ফলাফলটির বিস্তারিত দেখা যাবে।
২। এতদ্বারা আমরা আমাদের অডিটারসের দ্বারা প্রকাশিত অডিট রিপোর্ট অনুমোদন করা হয়েছে।

ডাইনামিক আর্কিস্ট্রাকচারস লিমিটেড-এর পক্ষে
স্বা-জ্ঞানমল পোদ্দার
চেয়ারম্যান কাম ম্যানেজিং ডাইরেক্টর
ডিন - ০০৫৮১৩৫১

স্থান ঃ কলকাতা
তাং ঃ ১৭-১০-২০১৬

বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা গ্রহণ করুন ঃ
আসানসোল তথা এতদ অঞ্চলের
প্রাচীন সুদীর্ঘ ৯২ বৎসরের
ঐতিহ্যবাহী আধুনিক ও অভিজাত অলঙ্কার বিপণী
রায় ব্রাদার্স জুয়েলার্স
ফোন ঃ- (০৩৪১) ২৩০২৪১৪
জি.টি রোড, আসানসোল - ৭১৩৩০১
বিঃ দ্রঃ - আমাদের কোন শাখা নেই

ASANSOL
NORTH POINT SCHOOL
(ENGLISH MEDIUM CO-ED SCHOOL)
NURSERY TO CLASS - X
AFFILIATED TO **C.B.S.E** (NEW DELHI)
Affiliation No.-2430153
ADMISSION OPEN
*Transport facility available.
*School has its own Hall (Auditorium)
HELP DESK (0341)-2343794 / 9647000108 / 8653839325,
website: asansolnorthpointschool.com